

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৭৭(আগরতলা, ১১।১০)

উদয়পুর, ১১ অক্টোবর, ২০১৭

রাজধন নগরে সাংস্কৃতিক কর্মশালা শুরু

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কাকড়াবন ব্লকের রাজধন নগরে ৭ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা গতকাল থেকে শুরু হয়েছে। এর উদ্বোধন করেন বিশিষ্ট সংগীত শিল্পী মানিক লাল চক্রবর্তী। কর্মশালায় সংশ্লিষ্ট এলাকার ৮০ জন শিল্পীকে রবীন্দ্র ও নজরুল সংগীত ও নৃত্যের তালিম দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ চলবে ১৬ অক্টোবর পর্যন্ত। সমাপ্তি দিনে প্রশিক্ষণ প্রাপ্ত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।
